# গভীর নলকূপ শাখা, বিএমডিএ সদর দপ্তর, রাজশাহী

ক. পরিচিতি ঃ

গভীর নলকূপ শাখা কর্তৃপক্ষের সদর দপ্তরের মূল ভবনের চতুর্থ তলার পূর্ব পার্শ্বে অবস্থিত। কর্তৃপক্ষের তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদ মর্যাদার একজন কর্মকর্তা উক্ত শাখার শাখা প্রধান হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। কর্তৃপক্ষের শুরু থেকেই উক্ত শাখা কর্তৃপক্ষের আওতাধীন অধিক্ষেত্রসহ সকল প্রকল্প এলাকায় সেচ যন্ত্র পরিচালনা ও রক্ষনাবেক্ষন কার্যক্রম মনিটরিং ও তত্ত্বাবধান সহ নানাবিধ কর্মকান্ডের সাথে সম্পৃক্ত রয়েছে।

খ. যোগাযোগ মাধ্যম ঃ

০৭২১-৭৬১৮৪৯, ০৭২১-৭৬০৭৯৩, E-mail-dtw_section@bmda.gov.bd.

গ. কর্মরত জনবলের বিবরন ঃ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১ (এক) জন, নির্বাহী প্রকৌশলী-২ (দুই) জন, উপ-সহকারী প্রকৌশলী-২ (দুই) জন, প্রধান সহকারী-১ (এক) জন, নক্সাকার-১ (এক) জন ও অফিস সহায়ক-২ (দুই) জন।

ঘ. কর্মকান্ডের প্রকল্প এলাকা ঃ

রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা।

ঙ. কর্মকান্ডের বিবরন ঃ

১) সেচ যন্ত্র পরিচালনা-রক্ষনাবেক্ষন কার্যক্রম মনিটরিং ও তত্ত্বাবধান।

২) সেচ যন্ত্রের খন্ডকালীন অপারেটর/ডিলার নিয়োগ-নবায়ন কার্যক্রম মনিটরিং ও তত্ত্বাবধান ।

৩) নষ্ট/অকেজো সেচ যন্ত্র পূনর্বাসন কার্যক্রম মনিটরিং ও তত্ত্বাবধান।

৪) জোন/রিজিয়নের গুদামের চাক্ষুষ যাচাই কার্যক্রম মনিটরিং ও তত্ত্বাবধান ।

৫) সেচ যন্ত্র পরিচালনায় প্রয়োজনীয় নীতিমালা প্রস্তুতকরন, সেচচার্জ নির্ধারন ও মাঠ পর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং ও তত্ত্বাবধান ।

৬) সেচ যন্ত্র হতে অর্জিত আয় ও ব্যয়ের হিসাব নিয়মিত মনিটরিং ও তত্ত্বাবধান।

৭) সেচ যন্ত্র পরিচালনার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাথে সমন্বয় সাধন ও বিদ্যুৎ ব্যবস্থাপনার উন্নয়ন।

৮) সেচ যন্ত্র পরিচালনার বার্ষিক চুড়ান্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট অন্যান্য সকল প্রতিবেদন সংগ্রহ, একত্রিকরন ও উপস্থাপন।

৯) সেচ যন্ত্র পরিচালনায় উদ্ভুত নানাবিধ সমস্যাবলী সমাধানের নিমিত্তে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন।

১০) সেচ কার্যক্রম বিষয়ক বিভিন্ন বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও প্রয়োজনীয় তথ্যাবলী উপস্থাপন।

১১) ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের চাপ হ্রাস কল্পে শস্য বহুমুখীকরনসহ ভূ-উপরিস্থ পানি ব্যবহারের বিষয়ে কৃষকগনকে উদ্বুদ্ধকরন ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন।

## চ. সেচ কার্যক্রমে ব্যবহৃত সেচ যন্ত্রের বিবরনঃ

### গভীর নলকূপ ঃ

ফোর্স মোডে ভূ-গর্ভস্থ পানি উত্তলনে ব্যবহৃত সেচ যন্ত্রকে গভীর নলকূপ বলে। কর্তৃপক্ষের কার্যক্রমের প্রাথমিক পর্যায়ে গভীর নলকূপগুলো ডিজেল ইঞ্জিন চালিত ছিল। ডিজেল ইঞ্জিনের মেরামত ব্যয়বহুল ও সময় স্বাপেক্ষ হওয়ায় প্রায়শঃই সেচকার্য বিঘ্নিত হতো এবং সর্বোপরি উৎপাদন খরচ বেশী হতো। সেচ ব্যবস্থা আধুনিকীকরনে কর্তৃপক্ষ সেচযন্ত্র বিদ্যুতায়ন কার্যক্রমকে অগ্রাধিকার দিয়ে নিজস্ব ব্যবস্থাপনায় প্রায় ৮২০০ কিঃ মিঃ বিদ্যুৎ লাইনসহ বেশ কয়েকটি ৫ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মান করে কর্তৃপক্ষের সকল প্রকল্প এলাকায় গভীর নলকূপ বিদ্যুৎ চালিত সাবমারসিবল পাম্প ও ভাটিক্যাল মটর দ্বারা পরিচালনা করার ব্যাবস্থা গ্রহন করে।

বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ পানির স্তর পোর ও তুলনামূলক নিচে থাকায় বেশির ভাগ স্থানে অগভীর নলকুপ দ্বারা সেচাবাদ করা যায় না। কেননা অগভীর নলকূপ দ্বারা সর্বোচ্চ ২৫ ফুট নীচ থেকে পানি উত্তোলন করা যায়। ফলে অত্র অঞ্চলে উচ্চ বারিন্দ এলাকায় ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের নিমিত্তে বিশেষ ধরনের ইনভার্টেড **গভীর নলকূপ কর্তৃপক্ষ কর্তৃক উদ্ভাবন করা হয়। অন্যান্য প্রায় ক্ষেত্রে নরমাল গভীর নলকূপ ব্যবহার হয়ে থাকে।**

কর্তৃপক্ষের শুরু হতে অদ্যাবধী সকল প্রকল্প এলাকায় ১৫,৩১৯টি গভীর নলকূপ ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। ফলে অত্র এলাকায় ৪,৯৬,১৯৮ হেক্টর জমি সেচের আওতায় এসেছে এবং কৃষকের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। উক্ত সেচ সুবিধা নিশ্চিত হওয়ায় আউশ ও আমন মৌসুমে বৃষ্টি নির্ভর ফসলে বৃষ্টিহীনতার সময় প্রয়োজনীয় সেচ প্রদানের মাধ্যমে ফসল রক্ষা করা সম্ভব হয়।

এ অঞ্চলে এক সময় শুধুমাত্র বৃষ্টি নির্ভর একটিমাত্র আমন ফসল চাষ করা হতো। বর্তমানে সেচ সুবিধা নিশ্চিত হওয়ায় তিনটি ফসলের চাষ করা হচ্ছে। কিছু কিছু এলাকায় চারটি ফসলের চাষ করা হচ্ছে। রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলায় বরেন্দ্র কর্তৃপক্ষ এককভাবে প্রায় ২০% আবাদী জমিতে সেচ প্রদান করে থাকে। উক্ত সেচকর্যক্রমের ফলে দেশের খাদ্যনিরাপত্তায় কর্তৃপক্ষ বড় ধরনের ভূমিকা পালন করে আসছে।

### গভীর নলকূপ স্থাপন প্রক্রিয়াঃ

গভীর নলকূপ স্থাপনের জন্য একটি নির্দিষ্ট এলাকা যেখানে ১৫০-২০০ বিঘা জমির মালিক একত্রিত হয়ে উপজেলা পর্যায়ে কর্তৃপক্ষের সহকারী প্রকৌশলী দপ্তরে নির্ধারিত স্কীম ফরম-এ 'গভীর নলকূপ স্থাপন' শিরোনামে একখানা আবেদন করে থাকে। আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তর স্থাপনযোগ্য গভীর নলকূপ এলাকার কারিগরী দিক ও অন্যান্য বিষয়াদি পুংখানুপুংখভাবে যাচাই পূর্বক গভীর নলকূপ স্কীম গ্রহনের মতামত প্রদান করে এবং তদানুযায়ী গভীর নলকুপ স্থাপনের কার্যক্রম গ্রহন করা হয়। এক্ষেত্রে নির্ধারিত পার্টিশিপেশন ফি এবং নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে এককালীন ৩০'×৩০' জমি হস্তান্তর চুক্তিনামা অফিসে জমা প্রদান করতে হয়। অতপর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে গভীর নলকূপ স্থাপন করা হয়।

বর্তমানে কর্তৃপক্ষ ভূ-গর্ভস্থ পানির স্তর এর উপর চাপ কমানোর জন্য সকল প্রকল্প এলাকায় গভীর নলকূপ স্থাপন কার্যক্রম বন্ধ রেখেছে। তারপরেও বর্ণিত এলাকার অনেকেই ব্যক্তিগতভাবে গভীর নলকূপ/অগভীর নলকূপ স্থাপন করছে। এক্ষেত্রে সরকার কর্তৃক প্রনীত 'সমন্বিত ক্ষুদ্রসেচ নীতিমালা'র আলোকে উপজেলা পর্যায়ে উপজেলা সেচ কমিটি গঠন করা হয়েছে। আগ্রহী ব্যক্তিকে উপজেলা সেচ কমিটি বরাবরে সেচযন্ত্র স্থাপনের জন্য আবেদন করতে হয়। সেচ কমিটি কর্তৃক প্রস্তাবিত আবেদন কৃষি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত "দুটো নলকুপের মধ্যকার পারস্পারিক নূন্যতম দূরত্ব বিষয়ক প্রজ্ঞাপন" অনুযায়ী যাচাই-বাছাই শেষে সেচযন্ত্র স্থাপনের অনুমোদন প্রদান করা হয়।

## গভীর নলকূপ পরিচালনা পদ্ধতিঃ

কর্তৃপক্ষের প্রতিটি গভীর নলকূপ বিভাগীয় পদ্ধতিতে পরিচালিত হয় এবং সংশ্লিষ্ট জোন দপ্তরের সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী,ইলেক্ট্রিশিয়ান, মেকানিক, সহকারী মেকানিক সহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগন প্রতিনিয়ত রক্ষনাবেক্ষন ও তত্ত্বাবধান করে থাকে।

গভীর নলকূপ পরিচালনার জন্য একজন অপারেটর নিয়োগ করা হয়। নিয়োগ কার্যক্রম প্রতি বছর ১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন করা হয়। নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট গভীর নলকূপ স্কীমের কৃষকগণ কর্তৃক তাদের মধ্যে হতে আলোচনার ভিত্তিতে একজন অপারেটর মনোনীত করা হয়। এক্ষেত্রে দ্বৈত্যতার সৃষ্টি হলে দুই বা ততোধিক প্রার্থিও মনোনয়নের সুযোগ রয়েছে। প্রথমে বরেন্দ্র কর্তৃপক্ষ কর্তৃক ছাপানো নির্ধারিত ফরম যা ১০০/- টাকা (অফেতযোগ্য) সংশ্লিষ্ট অফিসে মানি রশিদের মাধ্যমে জমা দিয়ে ক্রয় করতে হয়। অতপরঃ মনোনীত প্রার্থিগণ কর্তৃক ফরম পূরন পূর্বক পাসপোর্ট সাইজের এক কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা সনদপত্র, আইডি কার্ডের ফটোকপি ও পুরুষের জন্য ৭৫০০/- টাকা এবং মহিলার ক্ষেত্রে ৫০০০/- টাকার ডিডি/পেঅর্ডার সংযুক্ত পূর্বক আবেদনপত্র সহকারী প্রকৌশরী দপ্তরে জমা করা হয়। দাপ্তরিক কার্যাদি শেষে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে মৌখিক পরীক্ষা গ্রহন পূর্বক নির্বাচিত তালিকা প্রস্তুত করা হয়। অতপর নির্বাহী প্রকৌশলী কর্তৃক নিয়োগ কার্যক্রম সম্পাদন করা হয়। কর্তৃপক্ষের দাপ্তরিক বিধিবিধান অনুসারে অপারেটর গভীর নলকূপ পরিচালনা, রক্ষণাবেক্ষন ও নিরাপত্তার দায়িত্ব পালন করে থাকে। এক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ তাঁকে যে কোন সময় অপসারণের ক্ষমতা সংরক্ষণ করে। সংশ্লিষ্ট স্কীমের স্কীমভুক্ত কৃষক সমন্বয়ে গঠিত পানি ব্যবহারকারী সমিতি কর্তৃক জোন দপ্তরের নির্দেশানুসারে স্কীমের সেচ ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে থাকে।

সেচ যন্ত্রের সেচচার্জ আদায়ের ক্ষেত্রে কুপন পদ্ধতি পরিবর্তন পূর্বক যুগোপোযোগী প্রি-পেইড সিষ্টেম চালু করে সেচচার্জ আদায়ের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। এক্ষেত্রে প্রি-পেইড মিটার মাধ্যমে সেচ গ্রহনের জন্য সংশ্লিষ্ট কৃষকগণকে প্রি-পেইড ইউজার কার্ড নির্ধারিত মূল্যে (১৫২/-)বিএমডিএ দপ্তর হতে ক্রয় করতে হয়। উক্ত ইউজার কার্ডে রিচার্জ প্রদানের জন্য সংশ্লিষ্ট দপ্তর সংশ্লিষ্ট এলাকায় MVU ডিলার নিয়োগ প্রদান করে থাকে। উক্ত ডিলারের নিকট হতে কৃষকগণ তার প্রয়োজন অনুযায়ী যে কোন সময় রিচার্জ গ্রহন করতে পারেন।

কৃষকের প্রি-পেইড কার্ড রিচার্জের সুবিধার্থে উপজেলাওয়ারী আগ্রহী ব্যক্তিকে ডিলার নিয়োগ প্রদান করা হয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক বরাবরে কর্তৃপক্ষ কর্তৃক ছাপানো নির্ধারিত ফরম যা ১০০/- টাকা (অফেতযোগ্য) সংশ্লিষ্ট অফিস হতে ক্রয় করতে হয়। অতপরঃ ফরম পূরন পূর্বক পাসপোর্ট সাইজের এক কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা সনদপত্র, আইডি কার্ডের ফটোকপি ও পুরুষ/মহিলার জন্য ১০০০/- টাকার ডিডি/পেঅর্ডার সংযুক্ত পূর্বক আবেদনপত্র সহকারী প্রকৌশরী দপ্তরে জমা প্রদান করতে হয়। এক বা একাধিক আবেদনকারীর আবেদন যাচাই পূর্বক কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে ডিলার নির্বাচন করা হয়। নির্বাচিত MVU ডিলারের দাপ্তরিক কার্যাদি শেষে MVU ডিলার হিসাবে নিয়োগ প্রদান করা হয়।

দাপ্তরিক বিধিবিধান অনুসারে MVU ডিলার সংশ্লিষ্ট বিএমডিএ দপ্তর হতে MVU-তে রিচার্জ গ্রহন (সর্বোচ্চ ২,০০,০০০/-) করে থাকে। কর্তৃপক্ষ MVU রিচার্জের উপর ২.৫% কমিশন ডিলারকে প্রদান করে। প্রদানকৃত কমিশনের উপর সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সরকারী বিধি মোতাবেক উৎসে কর ও মুসক কর্তন করা হয়ে থাকে। MVU ডিলার কৃষকের চাহিদা মোতাবেক যে কোন সময় কৃষকগণকে কার্ডে রিচার্জ প্রদান (সর্বোচ্চ ২৮০০/-) করে থাকে। এক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে তাঁকে যে কোন সময় কর্তৃপক্ষ অপসারণের ক্ষমতা সংরক্ষণ করে। কৃষকগন উক্ত কার্ড অপারেটরের মাধ্যমে গভীর নলকূপের প্রি-পেইড মিটারে প্রবেশ করিয়ে প্রয়োজনীয় পরিমান সেচ গ্রহন করে। কর্তৃপক্ষের চলমান সেচচর্জ নিম্নে প্রদত্ত হ'ল;

# কর্তৃপক্ষের চলমান সেচচার্জ এর হার

## ১। গভীর নলকূপঃ

(ক) রাজশাহী, চাঁপাই নবাবগঞ্জ ও নওগাঁ জেলা-

| ক্রঃনঃ | পাম্পের ক্যাপাসিটি (কিউসেক) | নির্ধারিত ঘন্টাপ্রতি সেচচার্জ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০.৫০ পর্যন্ত | ৮০.০০ | ০৫/০২/২০১৩ হতে কার্যকর হয়েছে |
| ২ | ০.৫১-০.৭৫ পর্যন্ত | ৯০.০০ | |
| ৩ | ০.৭৬-১.০ পর্যন্ত | ১০০.০০ | |
| ৪ | ১.০১-২.০ পর্যন্ত | ১১৫.০০ | |

(খ) ঠাকুরগাঁও, পঞ্চগড়, দিনাজপুর, নিলফামারী, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, জয়পুরহাট, বগুড়া, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলা-

| ক্রঃনঃ | পাম্পের ক্যাপাসিটি (কিউসেক) | নির্ধারিত ঘন্টাপ্রতি সেচচার্জ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০.৫০ পর্যন্ত | ৭৫.০০ | ০১/০৭/২০১২ হতে কার্যকর হয়েছে |
| ২ | ০.৫১-০.৭৫ পর্যন্ত | ৮০.০০ | |
| ৩ | ০.৭৬-১.০ পর্যন্ত | ৯০.০০ | |
| ৪ | ১.০১-২.০ পর্যন্ত | ১০০.০০ | |

## ২। এল.এল.পিঃ

(ক) ডবল লিফটিং এল.এল.পি (রাজশাহী, চাঁপাই নবাবগঞ্জ ও নওগাঁ জেলা)-

| ক্রঃনঃ | পাম্পের ক্যাপাসিটি (কিউসেক) | নির্ধারিত ঘন্টাপ্রতি সেচচার্জ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০.৫০ পর্যন্ত | ১২০.০০ | ০৫/০২/২০১৩ হতে কার্যকর |
| ২ | ডবল লিফটিং এর জন্য | ১৫০.০০ | ২৭/১২/২০১৫ হতে কার্যকর |

(খ) ডবল লিফটিং এল.এল.পি (ঠাকুরগাঁও, পঞ্চগড়, দিনাজপুর, নিলফামারী, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, জয়পুরহাট, বগুড়া, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলা)-


| ক্রঃনঃ | পাম্পের ক্যাপাসিটি (কিউসেক) | নির্ধারিত ঘন্টাপ্রতি সেচচার্জ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০.৫০ পর্যন্ত | ১১০.০০ | ০১/০৭/২০১২ হতে কার্যকর হয়েছে |
| ২ | ০.৫১-১.০ পর্যন্ত | ১২০.০০ | |


(গ) সিঙ্গেল লিফটিং এল.এল.পি (রাজশাহী, চাঁপাই নবাবগঞ্জ ও নওগাঁ জেলা)-

| ক্রঃনঃ | পাম্পের ক্যাপাসিটি (কিউসেক) | নির্ধারিত ঘন্টাপ্রতি সেচচার্জ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০.৫১-১.০ পর্যন্ত | ১০০.০০ | ০৫/০২/২০১৩ হতে কার্যকর হয়েছে |
| ২ | ১.০১-২.০ পর্যন্ত | ১১৫.০০ | |

(ঘ) সিঙ্গেল লিফটিং এল.এল.পি (ঠাকুরগাঁও, পঞ্চগড়, দিনাজপুর, নিলফামারী, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, জয়পুরহাট, বগুড়া, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলা)-

| ক্রঃনঃ | পাম্পের ক্যাপাসিটি (কিউসেক) | নির্ধারিত ঘন্টাপ্রতি সেচচার্জ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০.৫১-১.০ পর্যন্ত | ৯০.০০ | ০১/০৭/২০১২ হতে কার্যকর হয়েছে |
| ২ | ১.০১-২.০ পর্যন্ত | ১০০.০০ | |


DEEP TUBE WELL FIXTURES
LOCATION :
DISTRICT - RAJSHAHI
UPAZILA - PABA
UNION - HARIPUR
DATE OF COMMISSIONING - MARCH 24, 1994
MOUZA - HARIPUR-1
J L NO.- 40
PLOT NO. - 132
SP. DRAW DOWN- 19.05 FT/CUSEC
Delivery Pipe
G. L.
Column Pipe
UPPER
WELL CASING
100'
PUMPING WATER
LEVEL
186'
80' Head Submersible
Pump
3'
REDUCER
Blind Pipe
20'
Gravel Packing
60'
8" DIA S S STRAINER
3'
BAIL PLUG
DEEP TUBEWELL IN NORMAL AQUIFER
Prepared by BMDA GIS Unit


INVERTED DEEP TUBE WELL FIXTURES
Location :
District - Naogaon
Upazilla - Porsha
Union - Nitpur
Mouza - Ganoir
J L No - 218
Plot no - 181
PUMP BASE
GL
GL
COLUMN PIPE
32.90 m
GRAVEL PACKING
355.6 MM DIA UPPER
WELL CASING
41.00 m
PUMPING WATER LEVEL
AT 28.10 M DEPTH
SUBMERSIBLE PUMP
5.80 m
STRAINER
1.00 m
INVERTED
JUNCTION
1.30 m
1.12 m
Deep Tubewell in Critical Aquifer
Prepared by BMDA GIS Unit

বরেন্দ্র কর্তৃপক্ষের কার্যক্রম শুরুর পূর্বের চিত্র

বর্তমান বরেন্দ্র অঞ্চলের চিত্র








প্রাথমিক পযায়ে নির্মিত ভূ-পরিষ্থ পাকা সেচ নালা




পরবর্তীতে নির্মিত ভূ-গর্ভস্থ সেচ নালা

## <u>লো-লিফট পাম্প (এল. এল. পি)ঃ</u>

**সাকশন মোডে ভূ-উপরিস্থ পানি উত্তলনে ব্যবহৃত সেচ যন্ত্রকে লো-লিফট পাম্প (এল. এল. পি) বলে।** বরেন্দ্র এলাকায় বৃষ্টিপাত দেশের অন্যান্য স্থানের তুলনায় অনেক কম। সাম্প্রতিক সময়ে এর পরিমাণ আরও হ্রাস পেয়েছে। এছাড়া বৃষ্টিপাত পূর্বের ন্যায় যথাসময়ে হচ্ছে না। সর্বোপরি সংস্কারের অভাবে নদী ও বিলগুলোর পানি ধারণ ক্ষমতা হারিয়ে যাওয়ায় কৃষিকাজ ক্রমান্নয়ে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীল হয়ে পড়েছে। সেচকাজে ভূ-উপরিস্থ পানির (Surface water) দ্বারা সম্পুরক সেচ ও পরিবেশ উন্নয়নের জন্য খাস পুকুর ও খাল পুনঃখনন কার্যক্রম গ্রহন করা হয়েছে। পূনঃ খননকৃত পুকুর ও খালের বিপরীতে LLP (Low Lift Pump) স্থাপনের মাধ্যমে টি-আমন মৌসুমে সম্পুরক সেচ ও রবি মৌসুমে বিভিন্ন ফসলে সেচ প্রদান করা হচ্ছে। ফলে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের চাপ প্রশমিত হচ্ছে। পাশাপাশি ফসল বহুমুখীকরণের (Crop diversification) কার্যক্রম ব্যপকভাবে গ্রহন করা হয়েছে।

কর্তৃপক্ষের যেসব এলাকায় খাড়ি বা পুকুর হতে পার্শ্ববর্তী জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সে সব এলাকার কৃষকগণ নিজেদের মধ্যে আলোচনার করে কর্তৃপক্ষের নির্ধারিত ফরম-এ এল.এল.পি স্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করে। আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তর স্থাপনযোগ্য LLP এর কারিগরী দিক ও অন্যান্যা বিষয়াদি পুংখানুপুংখভাবে যাচাই পূর্বক LLP স্কীম গ্রহনের মতামত প্রদান করে এবং তদানুযায়ী LLP স্থাপনের কার্যক্রম গ্রহন করা হয়। অতপর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে LLP স্থাপন করা হয়।

বরেন্দ্র কর্তৃপক্ষ শুরুর দিকে ভূ-গর্ভস্থ পানির মাধ্যমে অত্র এলাকায় সেচকার্যক্রম প্রবর্তন করে ঠাঁঠাঁ বরেন্দ্র এলাকা সবুজ ও শস্য ভান্ডাওে পরিনত করে। বর্তমানে জলবায়ু পরিবর্তনজনিত কারনে ভূ-গর্ভস্থ পানির স্তর নিম্নগামী হওয়ায় ভূ-গর্ভস্থ পানির পাশাপাশি ভূ-উপরিস্থ পানির মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক ব্যাপক সেচকার্যক্রম হাতে নেয়া হয়েছে। এসংক্রান্ত পরিসংখ্যান ছক-ছ তে বর্ণনা করা হয়েছে।

কর্তৃপক্ষের শুরু হতে অদ্যাবধী সকল প্রকল্প এলাকায় ১৩২টি অগভীর নলকূপ ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। ফলে অত্র এলাকায় ৪,০০০ হেক্টর জমি সেচের আওতায় এসেছে এবং কৃষকের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। উক্ত সেচ সুবিধা নিশ্চিত হওয়ায় আউশ ও আমন মৌসুমে বৃষ্টি নির্ভর ফসলে বৃষ্টিহীনতার সময় প্রয়োজনীয় সেচ প্রদানের মাধ্যমে ফসল রক্ষা করা সম্ভব হচ্ছ।এছাড়া কর্তৃপক্ষ ইতোমধ্যে কর্তৃক নব নব প্রকল্প গ্রহন করে পদ্মা ও মহান্দা নদী হতে ভূ-উপরিস্থ পানি সেচ সুবিধা নাই এমন উচ্চ বরেন্দ্র এলাকায় সরবরাহ করে সেচ সুবিধা সৃষ্টির উদ্যেগ গ্রহন করা হয়েছে।

কর্তৃপক্ষের সকল এল এল পি বিভাগীয় পদ্ধতিতে গভীর নলকূপ পরিচালনার অনুরুপ পদ্ধতিতে পরিচালনা করা হয়।



খালের দুই পাড়ে স্থাপিত এলএলপি



পদ্মা নদী হতে খাড়ীতে পানি সরবরাহ



পানি সরবরাহের জন্য নির্মিত আউট-লেট



পানি সরবরাহের জন্য নির্মিত আউট-লেট

## ছঃ বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষের সেচযন্ত্রের বিবরণ

| ক্রঃ নং | উপজেলা | বাস্তবায়িত কর্মকান্ড | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | গভীর নলকূপ স্থাপন (সংখ্যা) | | এল.এল.পি (সংখ্যা) | | |
| | | ক্রমপুঞ্জিভূত | ২০১৫-১৬ | ক্রমপুঞ্জিভূত | ২০১৫-১৬ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | গোদাগাড়ী-১ | ৩৮৪ | ০ | ৩২ | ৬ | |
| ২ | গোদাগাড়ী-২ | ৩৩০ | ০ | ০ | ০ | |
| ৩ | তানোর | ৫৩৬ | ০ | ০ | ০ | |
| ৪ | পবা | ২৭৮ | ০ | ০ | ০ | |
| ৫ | মোহনপুর | ৩২৩ | ০ | ০ | ০ | |
| ৬ | বাগমারা | ৪৩৪ | ০ | ০ | ০ | |
| ৭ | দূর্গাপুর | ৩১৪ | ০ | ০ | ০ | |
| ৮ | পুঠিয়া | ১৬৮ | ০ | ৮ | ১০ | |
| ৯ | বাঘা | ৩৯ | ০ | ০ | ০ | |
| ১০ | চারঘাট | ৫৯ | ০ | ৫ | ১৪ | |
| **রাজশাহী জেলাঃ** | | **২৮৬৫** | **০** | **৪৫** | **৩০** | |
| ১১ | চাঁ নবাবগঞ্জ | ২০৭ | ০ | ০ | ০ | |
| ১২ | শিবগঞ্জ | ২৩৮ | ০ | ০ | ০ | |
| ১৩ | গোমস্তাপুর | ৩৯৯ | ০ | ১৩ | ১ | |
| ১৪ | নাচোল | ৫৪০ | ০ | ০ | ০ | |
| ১৫ | ভোলাহাট | ২১৮ | ০ | ০ | ০ | |
| **চাঁপাই নবাবগঞ্জ জেলাঃ** | | **১৬০২** | **০** | **১৩** | **১** | |
| ১৬ | বদলগাছী | ২৯০ | ০ | ০ | ০ | |
| ১৭ | মান্দা | ৪৮৩ | ০ | ০ | ০ | |
| ১৮ | নিয়ামতপুর | ৬০৪ | ০ | ০ | ০ | |
| ১৯ | নওগাঁ | ২৪৬ | ০ | ০ | ০ | |
| ২০ | রাণীনগর | ২৬২ | ০ | ০ | ০ | |
| ২১ | আত্রাই | ২৬২ | ০ | ০ | ০ | |
| ২২ | মহাদেবপুর | ৫৫১ | ০ | ১৮ | ১১ | |
| ২৩ | পত্নীতলা | ৪৩৮ | ০ | ১৭ | ৪ | |
| ২৪ | ধামইরহাট | ৩৫৭ | ০ | ১৪ | ২ | |
| ২৫ | সাপাহার | ৩২২ | ০ | ৮ | ৫ | |
| ২৬ | পোরশা | ২৮৩ | ০ | ১ | ১ | |
| **নওগাঁ জেলাঃ** | | **৪০৯৮** | **০** | **৫৮** | **২৩** | |
| ২৭ | জয়পুরহাট | ৯২ | ৫ | ০ | ০ | |
| ২৮ | পাঁচবিবি | ৭৯ | ২০ | ০ | ০ | |
| ২৯ | কালাই | ৫৫ | ০ | ০ | ০ | |
| ৩০ | ক্ষেতলাল | ৫৬ | ৩ | ০ | ০ | |
| ৩১ | আক্কেলপুর | ৬৫ | ২ | ০ | ০ | |
| **জয়পুরহাট জেলাঃ** | | **৩৪৭** | **৩০** | **০** | **০** | |
| ৩২ | গাবতলী | ৭ | ২ | ০ | ০ | |
| ৩৩ | সারিয়াকান্দি | ২০ | ১ | ০ | ০ | |
| ৩৪ | সোনাতলা | ১৬ | ১৬ | ০ | ০ | |
| ৩৫ | শাহজাহানপুর | ২৬ | ২ | ০ | ০ | |
| ৩৬ | দুপচাচিয়া | ৩০ | ০ | ০ | ০ | |
| ৩৭ | কাহালু | ৩৯ | ০ | ০ | ০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৮ | আদমদিঘী | ৪ | ০ | ০ | ০ | |
| ৩৯ | শিবগঞ্জ | ৪ | ৪ | ০ | ০ | |
| ৪০ | বগুড়া | ১০ | ০ | ০ | ০ | |
| ৪১ | নন্দীগ্রাম | ৪২ | ০ | ০ | ০ | |
| ৪২ | শেরপুর | ৫৯ | ১০ | ০ | ০ | |
| ৪৩ | ধুনট | ১৭ | ৬ | ০ | ০ | |
| **বগুড়া জেলাঃ** | | **২৭৪** | **৪১** | **০** | **০** | |
| ৪৪ | পাবনা | ১১২ | ০ | ০ | ০ | |
| ৪৫ | সাথিয়া | ১৬ | ০ | ০ | ০ | |
| ৪৬ | সুজানগর | ২৬ | ০ | ০ | ০ | |
| ৪৭ | বেড়া | ১ | ০ | ০ | ০ | |
| ৪৮ | ঈশ্বরদী | ৪ | ০ | ০ | ০ | |
| ৪৯ | আটঘরিয়া | ২৯ | ০ | ০ | ০ | |
| ৫০ | চাটমোহর | ৫৬ | ০ | ০ | ০ | |
| ৫১ | ফরিদপুর | ৩৫ | ০ | ০ | ০ | |
| ৫২ | ভাঙ্গুড়া | ২৭ | ০ | ০ | ০ | |
| **পাবনা জেলাঃ** | | **৩০৬** | **০** | **০** | **০** | |
| ৫৩ | সিরাজগঞ্জ | ২৮ | ০ | ০ | ০ | |
| ৫৪ | কামারখন্দ | ১১ | ০ | ০ | ০ | |
| ৫৫ | বেলকুচি | ০ | ০ | ০ | ০ | |
| ৫৬ | চৌহালী | ০ | ০ | ০ | ০ | |
| ৫৭ | কাজীপুর | ২৯ | ০ | ০ | ০ | |
| ৫৮ | রায়গঞ্জ | ৩১ | ০ | ০ | ০ | |
| ৫৯ | তাড়াশ | ১৭ | ০ | ০ | ০ | |
| ৬০ | উল্লাপাড়া | ৩৩ | ০ | ০ | ০ | |
| ৬১ | শাহজাদপুর | ৫ | ০ | ০ | ০ | |
| **সিরাজগঞ্জ জেলাঃ** | | **১৫৪** | **০** | **০** | **০** | |
| ৬২ | নাটোর | ৩২ | ০ | ০ | ০ | |
| ৬৩ | নলডাঙ্গা | ৬০ | ০ | ০ | ০ | |
| ৬৪ | সিংড়া | ৭৮ | ০ | ০ | ০ | |
| ৬৫ | বাগাতিপাড়া | ১৩ | ০ | ০ | ০ | |
| ৬৬ | বড়াইগ্রাম | ৩২ | ০ | ০ | ০ | |
| ৬৭ | লালপুর | ৭ | ০ | ০ | ০ | |
| ৬৮ | গুরুদাসপুর | ৭৫ | ০ | ০ | ০ | |
| **নাটোর জেলাঃ** | | **২৯৭** | **০** | **০** | **০** | |
| **রাজশাহী বিভাগ** | | **৯৯৪৩** | **৭১** | **১১৬** | **৫৪** | |
| ৬৯ | ঠাকুরগাঁও | ৬৪২ | ৭ | ০ | ০ | |
| ৭০ | পীরগঞ্জ | ১৯৫ | ৩৩ | ০ | ০ | |
| ৭১ | বালিয়াডাঙ্গি | ১৮৪ | ১৪ | ০ | ০ | |
| ৭২ | রাণীশংকৈল | ২৩০ | ৩১ | ০ | ০ | |
| ৭৩ | হরিপুর | ১৩১ | ২৫ | ০ | ০ | |
| **ঠাকুরগাঁও জেলাঃ** | | **১৩৮২** | **১১০** | **০** | **০** | |
| ৭৪ | দিনাজপুর | ১১২ | ৮ | ৬ | ১ | |
| ৭৫ | বীরগঞ্জ | ২৯০ | ১৬ | ০ | ০ | |
| ৭৬ | কাহারোল | ১৬৯ | ৫ | ০ | ০ | |
| ৭৭ | বোচাগঞ্জ | ১১৫ | ১৬ | ০ | ০ | |
| ৭৮ | বিরল | ১৩৩ | ৪ | ০ | ০ | |
| ৭৯ | খানসামা | ৮১ | ৪ | ০ | ০ | |
| ৮০ | পার্বতীপুর | ১৩৮ | ৫ | ০ | ০ | |
| ৮১ | নবাবগঞ্জ | ১০৩ | ১০ | ০ | ০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮২ | ঘোড়াঘাট | ৬৫ | ১ | ০ | ০ | |
| ৮৩ | চিরিরবন্দর | ৮০ | ৭ | ৬ | ২ | |
| ৮৪ | ফুলবাড়ী | ১০৭ | ৪ | ০ | ০ | |
| ৮৫ | বিরামপুর | ৮৭ | ১১ | ০ | ০ | |
| ৮৬ | হাকিমপুর | ৪০ | ০ | ০ | ০ | |
| দিনাজপুর জেলাঃ | | ১৫২০ | ৯১ | ১২ | ৩ | |
| ৮৭ | তেতুলিয়া | ২৯ | ১ | ০ | ০ | |
| ৮৮ | পঞ্চগড় | ৪৫ | ১১ | ০ | ০ | |
| ৮৯ | বোদা | ১২৬ | ১৮ | ০ | ০ | |
| ৯০ | আটোয়ারী | ৮২ | ২ | ০ | ০ | |
| ৯১ | দেবীগঞ্জ | ১০৩ | ২৫ | ০ | ০ | |
| পঞ্চগড় জেলাঃ | | ৩৮৫ | ৫৭ | ০ | ০ | |
| ৯২ | গাইবান্ধা | ৭৮ | ৪ | ০ | ০ | |
| ৯৩ | ফুলছড়ী | ১৩ | ০ | ০ | ০ | |
| ৯৪ | সাঘাটা | ৫৭ | ৮ | ০ | ০ | |
| ৯৫ | গোবিন্দগঞ্জ | ৭৩ | ৩০ | ০ | ০ | |
| ৯৬ | পলাশবাড়ী | ৭২ | ২১ | ০ | ০ | |
| ৯৭ | সাদুল্ল্যাপুর | ৮৩ | ৪ | ০ | ০ | |
| ৯৮ | সুন্দরগঞ্জ | ৪৭ | ১ | ০ | ০ | |
| গাইবান্ধা জেলাঃ | | ৪২৩ | ৬৮ | ০ | ০ | |
| ৯৯ | রংপুর | ১২১ | ৩৩ | ১ | ০ | |
| ১০০ | পীরগাছা | ৯৬ | ৬ | ০ | ০ | |
| ১০১ | কাউনিয়া | ৪০ | ০ | ০ | ০ | |
| ১০২ | মিঠাপুকুর | ১৩৪ | ১২ | ০ | ০ | |
| ১০৩ | পীরগঞ্জ | ৯২ | ১ | ০ | ০ | |
| ১০৪ | তারাগঞ্জ | ৫৭ | ২০ | ০ | ০ | |
| ১০৫ | গংগাচড়া | ৫৪ | ১৫ | ০ | ০ | |
| ১০৬ | বদরগঞ্জ | ৬৬ | ২৩ | ০ | ০ | |
| রংপুর জেলাঃ | | ৬৬০ | ১১০ | ১ | ০ | |
| ১০৭ | নীলফামারী | ৬৩ | ১২ | ০ | ০ | |
| ১০৮ | জলঢাকা | ৩২ | ১ | ০ | ০ | |
| ১০৯ | কিশোরগঞ্জ | ২৭ | ১ | ০ | ০ | |
| ১১০ | সৈয়দপুর | ৬৬ | ২৫ | ০ | ০ | |
| ১১১ | ডোমার | ৬৪ | ৮ | ০ | ০ | |
| ১১২ | ডিমলা | ২০ | ২ | ০ | ০ | |
| নীলফামারী জেলাঃ | | ২৭২ | ৪৯ | ০ | ০ | |
| ১১৩ | কুড়িগ্রাম | ৫৬ | ১০ | ২ | ০ | |
| ১১৪ | রাজারহাট | ৫২ | ১২ | ০ | ০ | |
| ১১৫ | ফুলবাড়ী | ৬৫ | ১১ | ০ | ০ | |
| ১১৬ | নাগেশ্বরী | ১০৯ | ১০ | ১ | ০ | |
| ১১৭ | ভুরুঙ্গামারী | ৫৬ | ১২ | ০ | ০ | |
| ১১৮ | উলীপুর | ১১০ | ২৫ | ০ | ০ | |
| ১১৯ | চিলমাড়ী | ২৭ | ৩ | ০ | ০ | |
| ১২০ | রৌমারী | ০ | ০ | ০ | ০ | |
| ১২১ | রাজীবপুর | ০ | ০ | ০ | ০ | |
| কুড়িগ্রাম জেলাঃ | | ৪৭৫ | ৮৩ | ৩ | ০ | |
| ১২২ | লালমনিরহাট | ৫০ | ০ | ০ | ০ | |
| ১২৩ | আদিতমারী | ৬০ | ০ | ০ | ০ | |
| ১২৪ | কালীগঞ্জ | ৫২ | ০ | ০ | ০ | |
| ১২৫ | হাতিবান্ধা | ৭০ | ০ | ০ | ০ | |
| ১২৬ | পাটগ্রাম | ২৭ | ২ | ০ | ০ | |
| লালমনিরহাট জেলাঃ | | ২৫৯ | ২ | ০ | ০ | |
| রংপুর বিভাগ= | | ৫৩৭৬ | ৫৭০ | ১৬ | ৩ | |
| সর্বোমোট= | | ১৫৩১৯ | ৬৪১ | ১৩২ | ৫৭ | |

<u>জ. ২০১৫-১৬ অর্থবৎসরে রবি মৌসুমে ধান, গম, ভুট্টা, আলুসহ অন্যান্য ফসলে সেচের বিবিরন ঃ</u>

| ক্রঃ নং | জেলার নাম | গভীর নলকূপ | গভীর নলকূপের সেচকৃত এলাকা (হেঃ) | | | | | | এল এল পি | এল.এল.পি'র সেচকৃত এলাকা (হেঃ) | | | | | | সর্বমোট সেচকৃত এলাকা (হেঃ) | মোট কৃষক সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বোরো | ভুট্টা | গম | আলু | অন্যান্য | মোট | | বোরো | ভুট্টা | গম | আলু | অন্যান্য | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১ | রাজশাহী | ২৮৬৫ | ৪৩৬৩৩ | ১৯৬১ | ১৩২১৯ | ২৪৫৯৯ | ২০১৫০ | ১০৩৫৬২ | ৪৫ | ৭২৬ | ০ | ৩২৭ | ০ | ৬৫৫ | ১৭০৮ | ১০৫২৭০ | ২০৭৩৫১ |
| ২ | নবাবগঞ্জ | ১৬০২ | ২১৯০৫ | ৪৩০ | ১৪৭৬০ | ৬২০ | ১৬৭৪৭ | ৫৪৪৬২ | ১৩ | ৫২০ | ০ | ০ | ০ | ০ | ৫২০ | ৫৪৯৮২ | ১০৭৮০০ |
| ৩ | নওগাঁ | ৪০৯৮ | ৯৪৬৩৫ | ১২৯২ | ১৪৪৮৭ | ৮০২২ | ১৭৮৪৯ | ১৩৬২৮৫ | ৫৮ | ১২০২ | ০ | ১২০ | ০ | ১০৮ | ১৪৩০ | ১৩৭৭১৫ | ২৮৩৬৫৫ |
| ৪ | জয়পুরহাট | ৩৪৭ | ১০৬৯১ | ৪৪ | ২১৩ | ৭৮৯ | ১৬৯ | ১১৯০৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১৯০৬ | ২১১৯০ |
| ৫ | বগুড়া | ২৭৪ | ৭০৩৪ | ১৩৭ | ৮৩ | ৫৩৭ | ৫৫০ | ৮৩৪১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৮৩৪১ | ১০৯৫৭ |
| ৬ | পাবনা | ৩০৬ | ৫২৫০ | ১৫ | ৯৭১ | ১৭ | ৩৩০৮ | ৯৫৬১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৯৫৬১ | ২৯১৪৪ |
| ৭ | সিরাজগঞ্জ | ১৫৪ | ৩৫৭৮ | ০ | ১০ | ০ | ১৮০ | ৩৭৬৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩৭৬৮ | ১৫৬৬৯ |
| ৮ | নাটোর | ২৯৭ | ৩৮০০ | ৫২ | ৪৭৮ | ২৫ | ১২৪১ | ৫৫৯৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫৫৯৬ | ১৭৭২০ |
| রাজশাহী বিভাগ | | ৯৯৪৩ | ১৯০৫২৬ | ৩৯৩১ | ৪৪২২১ | ৩৪৬০৯ | ৬০১৯৪ | ৩৩৩৪৮১ | ১১৬ | ২৪৪৮ | ০ | ৪৪৭ | ০ | ৭৬৩ | ৩৬৫৮ | ৩৩৭১৩৯ | ৬৯৩৪৮৬ |
| ৯ | ঠাকুরগাঁও | ১৩৮২ | ২১৩৭৪ | ৫৭১৪ | ১১১৪০ | ১৭২৭ | ৫৯৯৮ | ৪৫৯৫৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪৫৯৫৩ | ৪১০২৫ |
| ১০ | দিনাজপুর | ১৫২০ | ৩৫৭৮৪ | ৭৩৩৫ | ২৬৫৭ | ১৫৭৪ | ৩৭৮৪ | ৫১১৩৪ | ১২ | ২২৮ | ০ | ৪ | ০ | ৪১ | ২৭৩ | ৫১৪০৭ | ৫৮৮৮৭ |
| ১১ | পঞ্চগড় | ৩৮৫ | ৪৩৩৫ | ৯৩৫ | ৯৪৬ | ৫৭৯ | ২৯৭০ | ৯৭৬৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৯৭৬৫ | ২২২৩৭ |
| ১২ | গাইবান্ধা | ৪২৩ | ১০০২৬ | ১৬ | ৫৩ | ২৭ | ৭৭৮ | ১০৯০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১০৯০০ | ১৭৫৪০ |
| ১৩ | রংপুর | ৬৬০ | ১৩৫১৮ | ৪৩৪ | ১২৩ | ১০১১ | ১৭১৯ | ১৬৮০৫ | ১ | ৫ | ০ | ০ | ০ | ০ | ৫ | ১৬৮১০ | ২৭২৮৫ |
| ১৪ | নীলফামারী | ২৭২ | ৬৭১৩ | ৫৯ | ৩১ | ৫১ | ৪৫ | ৬৮৯৯ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৬৮৯৯ | ৯০৬৬ |
| ১৫ | কুড়িগ্রাম | ৪৭৫ | ১০৩৫১ | ৬২ | ৩২২ | ১৭৬ | ১১৩২ | ১২০৪৩ | ৩ | ৫৪ | ০ | ০ | ০ | ০ | ৫৪ | ১২০৯৭ | ১৬৯৯৭ |
| ১৬ | লালমনির হাট | ২৫৯ | ৩৪০৬ | ৯১৫ | ১৯৪ | ১০২ | ৬১১ | ৫২২৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫২২৮ | ১৬০৩২ |
| রংপুর বিভাগ | | ৫৩৭৬ | ১০৫৫০৭ | ১৫৪৭০ | ১৫৪৬৬ | ৫২৪৭ | ১৭০৩৭ | ১৫৮৭২৭ | ১৬ | ২৮৭ | ০ | ৪ | ০ | ৪১ | ৩৩২ | ১৫৯০৫৯ | ২০৯০৬৯ |
| সর্বোমোট | | ১৫৩১৯ | ২৯৬০৩৩ | ১৯৪০১ | ৫৯৬৮৭ | ৩৯৮৫৬ | ৭৭২৩১ | ৪৯২২০৮ | ১৩২ | ২৭৩৫ | ০ | ৪৫১ | ০ | ৮০৪ | ৩৯৯০ | ৪৯৬১'৯৮ | ৯০২৫৫৫ |

মোঃ মনিরুজ্জামান মনির
নির্বাহী প্রকৌশলী
বিএমডিএ, গনকূ শাখা
রাজশাহী।